



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইফ্রাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd



তারিখঃ ২৪ মার্চ ২০২২
১০ চৈত্র ১৪২৮

প্রেস রিলিজ

আজ ২৪ মার্চ ২০২২ খ্রিঃ (বৃহস্পতিবার) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক BIWTA ও লঞ্চ মালিক সমিতিসহ সকল অংশীজনদের সাথে মতবিনিময় সভা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম. সালাহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মোঃ ওয়াহিদুজ্জামান, নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব ড. আ. ন.ম বজলুর রশীদ, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার উপপরিচালক লতিফা পারভীন, বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ ইউসুফ, নৌ পরিবহন অধিদপ্তরের চীফ ইন্সপেক্টর মোঃ শফিকুর রহমান, লঞ্চ মালিক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মনিরুজ্জামান মনির, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার সহকারী পরিচালক মোঃ মঞ্জুর এ খোদা, বিআইডব্লিউটিএ এর পরিসংখ্যান কর্মকর্তা মিজানুর রহমান এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মতবিনিময় সভায় বিভিন্ন নৌপরিবহন রুটে নৌ পরিবহনে ঘন ঘন দুর্ঘটনার কারণ, যাত্রীবাহী লঞ্চের চলাচলে কোন কোন সংস্থার কি দায়িত্ব, সার্বিক ব্যবস্থাপনার কোনো ক্ষেত্রে দুর্বল দিক রয়েছে কি না, সর্বোপরি প্রতিযোগিতা পরিপন্থি কোন কর্মকাণ্ড রয়েছে কি না এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এই সেবা খাতের ব্যাপারে প্রতিযোগিতা আইন, ২০১২ এর অধীন পরবর্তী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে কমিশন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা
টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২
ই-মেইল : shekhruveldu@gmail.com